

# Disengagement at Patrolling Point 17A

August 06, 2021

## 17A টহলদারি এলাকা থেকে সেনা সমাবেশ প্রত্যাহার

অগাস্ট 06,2021

1. এই সপ্তাহের প্রথমার্ধের পূর্ব ঘোষণা অনুসারে ভারত এবং চিনের সেনা কমান্ডারদের মধ্যে 12 তম বৈঠক 31 শে জুলাই 2021 -এ পূর্ব লাদাখের চুশুল মলডো সংযোগ স্থলে অনুষ্ঠিত হয়েছে।
2. ভারত-চিন সীমান্তের পশ্চিমী ক্ষেত্রের প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর বাকি অংশ থেকে সৈন্য প্রত্যাহার সম্পর্কিত সমাধানের উপরে দুই তরফের দৃষ্টিভঙ্গির গভীর এবং অকপট বিনিময় হয়েছে। এই বৈঠকের ফলস্বরূপ উভয় পক্ষ গোগরা এলাকা থেকে সেনা সমাবেশ প্রত্যাহার করার জন্য একমত হয়েছে। গত বছরের মে মাস থেকে উভয় দেশের সেনাবাহিনী এই এলাকাতে পরস্পরের প্রতি সামনা সামনি চোখে চোখে রেখে অবস্থান করছিল।
3. চুক্তি অনুসারে, উভয়পক্ষ পর্যায়ক্রমে, সমন্বিত ভাবে, এবং যাচাইকৃতভাবে সেনা বাহিনীর সমাবেশের অগ্রগতি রোধ করেছে। এই সেনা সমাবেশ প্রত্যাহারের কাজ 04 এবং 05 ই অগাস্ট 2021 দুইদিন ধরে করা হয়েছে। উভয়তরফের সৈন্য বাহিনী এখন তাদের স্থায়ী ছাউনিতে ফিরে গিয়েছে।
4. এই এলাকাতে দুই তরফের পক্ষ থেকে নির্মাণ করা সমস্ত অস্থায়ী ছাউনি এবং পরিকাঠামো ভেঙ্গে ফেলা হয়েছে এবং পরস্পরের দ্বারা পরীক্ষিত হয়েছে। উভয় পক্ষ এই এলাকার ভূখন্ডটি আগে যে অবস্থায় ছিল সেই অবস্থায় পুনরুদ্ধার করেছে।
5. এই চুক্তি সুনিশ্চিত করেছে যে, প্রকৃত নিয়ন্ত্রণ রেখা উভয় পক্ষের তরফ থেকে কঠোরভাবে পালন ও সম্মান করা হবে এবং একতরফা ভাবে স্থিতাবস্থাকে পরিবর্তন করা হবে না।
6. এর সাথে আরও একটি পরস্পরের প্রতি মুখোমুখি অবস্থান করার জায়গার সমাধান হল। উভয় পক্ষ আলোচনাকে এগিয়ে নিয়ে যাওয়া এবং পশ্চিমীক্ষেত্রে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর বাকি সমস্যাগুলি সমাধানের প্রতি তাদের প্রতিশ্রুতি ব্যক্ত করেছে।
7. আইটিবিপি সহ ভারতীয় সেনাবাহিনী জাতির সার্বভৌমত্ব নিশ্চিত করতে এবং পশ্চিমীক্ষেত্রে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর শান্তি ও সুস্থিতি বজায় রাখতে সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

নিউ দিল্লি

অগাস্ট 06,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.